প্রথম আলো

বাংলাদেশ

# ১৭ ও ২৪ মে অধ্বস্তন আদালত খোলা, দাপ্তরিক কাজ চলবে সুপ্রিম কোর্টে

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা

আপডেট: ১২ মে ২০২৫, ১৯: ১০



বাংলাদেশ সুপ্রিম কোর্ট *ছবি: বাসস*

েপবিত্র ঈদুল আজহা উপলক্ষে সরকারি সিদ্ধান্তের সঙ্গে মিল রেখে সুপ্রিম কোর্টের উভয় বিভাগ এবং দেশের সব অধস্তন আদালত/ট্রাইব্যুনাল আগামী ১১ ও ১২ জুন (যথাক্রমে বুধ ও বৃহস্পতিবার) সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

পাশাপাশি ঈদুল আজহার আগে দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ ও ২৪ মে (দুটি শনিবার) সাপ্তাহিক ছুটির দিনে সব অধস্তন আদালত/ট্রাইব্যুনাল খোলা থাকবে। আর এই দুই দিন সুপ্রিম কোর্টের উভয় বিভাগে (আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ) শুধু দাপ্তরিক কার্যক্রম চলমান থাকবে।

প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের আদেশ অনুসারে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল আজিজ আহমদ ভূঞার সই করা পৃথক বিজ্ঞপ্তিতে আজ সোমবার এ তথ্য জানানো হয়েছে। পৃথক বিজ্ঞপ্তি সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

ঈদুল আজহা উপলক্ষে ছুটি-সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৭ মে জারি করা প্রজ্ঞাপনের অংশবিশেষে সুপ্রিম কোর্ট প্রশাসনের পৃথক বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। প্রজ্ঞাপনের ভাষ্য, পবিত্র ঈদুল আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন যথাযক্রমে বুধ ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ জুন (শনিবার) ও ২৪ মে (শনিবার) সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখার ঘোষণা করা হলো। এ হিসেবে পবিত্র ঈদুল আজহার ছুটি আগামী ৫ জুন শুরু হবে। টানা ১০ দিন ছুটি থাকবে। অর্থাৎ ১৪ জুন ছুটি শেষ হবে।

---

prothomalo.com

---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো